১৫

ভোরের কাগজ

তারিখ JUL. 1 8 1999
পৃষ্ঠা ১ কলাম ১

# শিশু শিক্ষা নিয়ে আইস

'শিশুই জাতির ভবিষ্যৎ'। বিশেষজ্ঞদের মতে, শিশুর জীবনে ব্যক্তিত্ব বিকাশের জন্য প্রথম ৫টি বছর অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়। এই বয়সে শিশু যে অভিজ্ঞতা সঞ্চয় করে তার ছাপ পরবর্তী জীবনে পড়ে। এই বয়স হচ্ছে শিশুর জন্য জীবন গড়ার উপযুক্ত সময়। শিশুদের প্রতিভার উপযুক্ত বিকাশ ঘটানোর উদ্দেশ্যেই আইস-এর জন্ম।

প্রতিষ্ঠান স্থাপনের উদ্দেশ্য

(ক) আনন্দপূর্ণ শিশুকেন্দ্রিক প্রাক-প্রাথমিক স্তরের পাঠ্যসূচি প্রণয়ন করা।
(খ) শিশু শিক্ষার সঙ্গে জড়িত শিক্ষিকা ও মা-বাবার জন্য স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি প্রশিক্ষণের ব্যবস্থা।
(গ) উদ্ভাবিত পদ্ধতির কার্যকারিতা যাচাইয়ের জন্য পরীক্ষামূলক ল্যাবরেটরি স্কুল পরিচালনা।
(ঘ) নানা ধরনের শিক্ষক সহায়িকা, বইপত্র প্রকাশ ও শিক্ষা উপকরণ তৈরি এবং বিক্রয়ের ব্যবস্থা।
(ঙ) শিশু শিক্ষা সংক্রান্ত কর্মশিবির, আলোচনাসভার ব্যবস্থা।
(চ) শিশু সংগঠন, শিশু শিক্ষা প্রতিষ্ঠান ও শিশুসংক্রান্ত সমস্যার সমাধানের পরামর্শ।

প্রতিষ্ঠানের প্রতিক্ষণ কোর্স

ক) শর্ট-বেসিক কোর্স : ১৬টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ৩ শতাধিক মা ও শিশু শিক্ষায় নিয়োজিত শিক্ষিকাগণ এই কোর্সে প্রশিক্ষণ নিয়েছেন। পরবর্তী শর্ট বেসিক কোর্স শুরু হবে ২৭ আগস্ট ১৯৯৯।

(খ) শর্ট অ্যাপ্লায়েড কোর্স : এই প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের হাতে-কলমে শিক্ষা উপকরণ তৈরি ও ব্যবহারের প্রশিক্ষণ দেওয়া হয়।
(গ) ডিপ্লোমা কোর্স : বর্তমানে ৬ মাসমেয়াদি ডিপ্লোমা কোর্সে অংশ নিচ্ছেন ১৭ জন প্রশিক্ষণার্থী। পরবর্তী কোর্স ২ জানুয়ারি ২০০০ সাল থেকে।
(ঘ) শর্ট কমিউনিকেটিভ ইংলিশ কোর্স : ৮ সপ্তাহমেয়াদি এ কোর্সে অংশ নিয়েছে ২২জন প্রশিক্ষণার্থী। পরবর্তী কোর্স ১ অক্টোবর ১৯৯৯ থেকে।

## ল্যাব স্কুল

ICE-এর তত্ত্বাবধানে দুটি ল্যাব স্কুল বা গবেষণামূলক স্কুল চালানো হচ্ছে। ঢাকার আদাবর এলাকার শিশুকুঞ্জ নামক পাঠশালায় শিশু শ্রেণী, প্রথম শ্রেণী ও দ্বিতীয় শ্রেণীতে পাঠরত রয়েছে শতাধিক শিশু। এখানে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের পাঠ্যসূচি ও ICE উদ্ভাবিত শিশুকেন্দ্রিক পাঠের পদ্ধতি অনুসরণ করা হয়।

## আইস ইন্টারন্যাশনাল স্কুল

ধানমণ্ডি আবাসিক এলাকায় অবস্থিত এই ল্যাব স্কুলে বর্তমানে প্রাক-প্রাথমিক স্তরে তিনটি এবং প্রাথমিক স্তরে শুধু একটি শ্রেণী চালানো হচ্ছে। ভবিষ্যতে S.S.C স্তর পর্যন্ত উন্নীত করা হবে। বর্তমানে বিদ্যালয়ের কর্মসূচি দুটি স্তরে বিভক্ত। (ক) প্রাক-প্রাথমিক স্তর: প্লে-গ্রুপ, নার্সারি ও কেজি, প্রতিটি ১ বছরমেয়াদি শ্রেণী তিনটি নিয়ে এটি গঠিত। এ স্তরে কোনো পাঠ্যবই কিংবা হোম টাস্ক দেওয়া হয় না। (খ) প্রাথমিক ও মাধ্যমিক স্তর: শিক্ষার চাহিদা পূরণের জন্য ও লেভেল এবং এ লেভেলের জনপ্রিয়তা বেড়ে চলেছে বলে 'আইস' ইংরেজি মাধ্যমে S. S. C পরীক্ষার ব্যবস্থা করার প্রস্তুতি নিচ্ছে।

## শিক্ষা উপকরণ বিক্রয় কেন্দ্র

শিক্ষা উপকরণের অভাব পূরণের জন্য আইস প্রাঙ্গণে স্থাপিত হয়েছে শিক্ষা উপকরণ বিক্রয় কেন্দ্র। এখানে নানা ধরনের শিক্ষামূলক চার্ট, শিক্ষা উপকরণ, শিক্ষামূলক খেলনা, ক্যাসেট ইত্যাদি বিক্রয় হয়।

আইসের যোগাযোগ ঠিকানা
বাড়ি নং-১৯, লাইন নং-১৩ এ
ধানমণ্ডি আ/এ, ঢাকা-১২০৯

❑ দিদারুল ইসলাম